

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কাশিয়ানী, গোপালগঞ্জ।

স্মারক নং- ৩২.০১.৩৫৩২.০০০.১৬.০০৩-২৭৫

তারিখ: ২৪/০২/২০২৬ খ্রি:

প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরধীন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কাশিয়ানী, গোপালগঞ্জ এর মহিলা প্রশিক্ষণ (WTC) কেন্দ্রে আধুনিক দর্জি বিজ্ঞান ট্রেডে এপ্রিল/২০২৬ হতে জুন/২০২৬ তারিখ পর্যন্ত প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে।


প্রশিক্ষণ কোর্সের বিবরণ:

ক্রমিক নং	ট্রেড কোর্সের নাম	কোর্সের মেয়াদ	প্রশিক্ষণার্থীর সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বয়সসীমা
০১।	দর্জি বিজ্ঞান ট্রেড	০৩ মাস	৩০ জন	৮ম শ্রেণী	১৮ থেকে ৪০ বছর

ভর্তি সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী:

- আগামী ২৫/০২/২০২৬ ইং তারিখ হতে ২৭/০৩/২০২৬ তারিখ পর্যন্ত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় থেকে আবেদন ফরম গ্রহণ ও জমা প্রদান করতে হবে। কোন অবস্থাতেই নির্ধারিত সময়ের পর আবেদন ফরম জমা দেওয়া যাবে না।
- মহিলা বিষয়ক অধিদপ্তর, কাশিয়ানী, গোপালগঞ্জ হতে ভর্তি সংক্রান্ত নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ পূর্বক আবেদন করতে হবে। অসম্পূর্ণ/অপূর্ণকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- পূর্ণকৃত আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি জমা দিতে হবে।
 - পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবি।
 - জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
 - সংশ্লিষ্ট পৌর মেয়র/ইউনিয়ন চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
 - সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি।
- প্রশিক্ষণার্থী বাছাই পরীক্ষার তারিখ ও সময় আবেদনকারীর মোবাইলে জানানো হবে।
- ভর্তি ক্লাস পরিচালনা ও ভাতা প্রদান বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(বি: দ্র: ইতিপূর্বে সংশ্লিষ্ট ট্রেড হতে যারা প্রশিক্ষণ গ্রহণ করেছেন তারা আবেদন করতে পারবেন না)



(লাখসানা লাকী)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
কাশিয়ানী, গোপালগঞ্জ।